উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে নিম্নেস্বাক্ষরকারী- এর সভাপতিত্বে সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বিবিধ।

২৬/০৯/২৪

(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০২
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪- ৭৫৭

তারিখঃ ১১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৩। ..............................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। অফিস কপি।

২৬/০৯/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০২
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মৌসুমী হক
প্রশাসক, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ
সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় এ বছর চলতি আমন মৌসুমে ১৪৯৩৫ হেক্টর জমির মধ্যে ইতিমধ্যে ১৮০০ হেক্টর জমির ধান কর্তন হয়েছে। বর্তমানে ভর্তুকীমূলে বিতরনকৃত ৩টি কম্বাইন হার্ভেস্টার আমন ধান কর্তনে ব্যবহার হচ্ছে। এতে কৃষকের অর্থ সাশ্রয়ের পাশাপাশি সময় ও সাশ্রয় হচ্ছে। ইতিমধ্যে আলু বীজ বপন কার্যক্রম শুরু হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। অত্র উপজেলায় ইদানিং ডেঙ্গু রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাই ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সতর্ক ও সচেতন হওয়ার জন্য আহবান করা হইল। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর থোক বরাদ্দ পাওয়া যায় নাই। পুরাতন ও ভাংচুরের ক্ষতিগ্রস্থ অফিস সমূহ উপজেলা সমবায় অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা প্রশাসনিক ভবন, উপজেলা হলরুম ও উপজেলা কৃষি অফিস ভবন জরুরি ভিত্তিতে মেরামতের নিমিত্তে বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের এর সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।গত মাসে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ সুষ্টুভাবে সু-সম্পন্ন করা হয়েছে। এবং রাজস্ব খাতের আওতায় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এছাড়া খামারীদের পরামর্শ প্রদান অব্যাহত রাখা হয়েছে। এবং বিল নার্সারি স্থাপনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। ইতিমধ্যে বিল নার্সারির জন্য জলাশয় সিলেক্ট করা হয়েছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দুর্বল শিক্ষার্থীদের প্রতিদিন বিশেষ পাঠদানের ব্যবস্থা নেওয়া হয়েছে। কম উপস্থিতি বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধিসহ পাঠদানের মান বৃদ্ধির জন্য সামাজিক উদ্ভুদ্ধকরন সহ বিদ্যালয় চলাকালিন পড়ালেখা শিখন নিশ্চিত করনের ব্যবস্থা নেওয়া হয়েছে। সকল শিক্ষার্থীদের বাংলা, ইংরেজী পড়া ও লেখার অনুশীলন বৃদ্ধির পদক্ষেপ নেওয়া হয়েছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের জন্য প্রাথমিক শিক্ষা অফিস অবিরাম কাজ করে যাচ্ছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র উপজেলা ব্যাপী বয়স্ক,বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধি ভাতার লাইভ ভেরিফেকশন ২৮,১৮২ জন এর কোষ হয়েছে। শিশু শ্রম, বাল্য বিবাহ নিরোধ ও নারী নির্যাতন প্রতিরোধ ক্যাম্পেইন চলমান আছে। ৬টি জটিল রোগের আবেদন সমূহ আনলাইন করনের কাজ শেষ হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, আগামী ৫ অক্টোবর/২০২৪ বিশ্ব শিক্ষক দিবস সারাদেশের ন্যায় কিশোরগঞ্জ উপজেলায় দিবসটি পালিত হবে। উক্ত দিবসটি পালন উপলক্ষে ইতিমধ্যে প্রতিষ্ঠান প্রধানকে নিয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে একটি মতবিনিময় সভা করা হয়েছে। নতুন শিক্ষা কারিকলামে নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে চলমান। বর্তমান পরিস্থিতিতে সরকারী বিধি মোতাবেক প্রতিষ্ঠানগুলোতে মূল্যায়ন পরীক্ষা বন্ধ আছে। প্রতিষ্ঠানিক শ্রেণী কার্যক্রম চলছে। প্রতিটি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া সরঞ্জামদি মাধ্যমে শ্রেনী পাঠদান নির্দেশনা থাকলে দুই তিনটি প্রতিষ্ঠান ছাড়া সকল প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া প্রজেকক্টর নষ্ট। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষ অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রানী সম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রাসরণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ২৬.৩৪%, হিমায়িত সিমেন দ্বারা ২৩.৫৭%, গবাদি পশুর (সংখ্যা) ৮.৪৬%, হাঁস মুরগী (সংখ্যা) ১৪.১৬%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ২১.৮৫% ,হাঁস মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) ২৩.১৩% খামারী প্রশিক্ষণ প্রদান ২৫.৮১%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ২২.৭৩%, উঠান বৈঠক ২৫% ছাড়াও অত্র অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরামর্শ দেয় হয়। | প্রাণী সম্পদ অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৯ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়ি সুখী-৪৭০ চক্র, খাবার বড়ি আপন ৫৪৯ চক্র, কনডম ৪৯৬১ পিস, ইনজেকটেবলস ৮৬৮ (ভয়াল),ইমপ্ল্যান্ট ১১৮ জন, আইইউডি ০২ জন, সক্ষম দম্পতি ৫৪,৯২৫ মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩,৪৪৯ জন, মোট গভবর্তী ১৭৪৫ জন, গভবর্তী সেবা প্রদান ৮৭১ জন, নরমাল ডেলিভারী ১৬৩ জন, সিজারিয়ান ৯০ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৭১ জন, শিশু সেবা ৮২৭ জন, কিশোর-কিশোরীর বয়োসন্ধিকালীন সেবা ৪৭৮ জন ও সাধারণ রোগীর সেবা ২,৮৩২ জন কে প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১৪টি ব্যাচ ৩০ জন করে প্রশিক্ষণ প্রদান করা হবে। ০১ ব্যাচ ৩০ জনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাগুড়া ইউনিয়নের ঋনদান কর্মসূচী চালু আছে ।যুব কাউন্সিল ০১জন সদস্য মনোনয়ন করে জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, উপজেলায় আনসার ও ভিডিপি কার্যালয় হতে চলতি অর্থবছরের বিভিন্ন প্রশিক্ষনে প্রশিক্ষনার্থী প্রেরণ কার্যক্রম আপাতত স্থগিত রয়েছে এবং আমাদের আনসার গার্ডগুলো পরিদর্শন করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান । | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের অর্থ সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কাযর্ক্রম অব্যাহত রেখেছে। সমবায় সমিতি পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি গঠনের বিষয়ে ভ্রামমাণ প্রশিক্ষণ দেয়া হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩ | উপজেলা বনায়ন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে পুটিমারী ইউনিয়নের রাস্তায় দুই ধারে ১০,০০০( দশ হাজার) টি বিভিন্ন প্রজাতির চারা রোপন করা হয়েছে। যাহা বাগান সৃজন ভোগী সদস্যগনেরা গাছের চাড়া রক্ষনাবেক্ষন করিয়া আসিতেছে । কিছু রাস্তার পার্শের জমির মালিকেরা গাছের চাড়াগুলো নষ্ট করিয়া আসিতেছে। সংশিষ্ট চেয়ারম্যানদের সু-দৃষ্টি কামনা করছি। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান । | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ১ম পর্যায়ে কাজ নভেম্বর/২০২৪ হতে শুরু হবে। কাজেই পূর্বের সমপরিমাণ উপকারভোগীর তালিকা ও প্রকল্প তালিকা প্রেরণ করার জন্য চেয়ারম্যান মহোদয়ের নিকট চিঠি প্রেরণ করা হয়েছে। প্রকল্প তালিকা উপকার ভোগীর তালিকা কার্যবিবরণী সহ সকল কাগজ পত্র প্রেরণ করার জন্য বলা হলো । অন্যান্য কাযক্রম সুষ্ঠুভাবে চলামান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, যৌতুকনিরোধ,নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে নিয়মিতভাবে উঠান বৈঠক চলমান রয়েছে। ভি ডব্লিউ বি খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সবকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সেপ্টেম্বর /২৪ মাসে ঋণ বিতরন ২.১৮ লক্ষ টাকা। ঋণ আদায় ৩.৯৭ টাকা। ২০২৪-২৫ অর্থবছরের ১৬.৬০ লক্ষ্য টাকা আদায় এবং ১৭.২৬ লক্ষ্য টাকা বিতরণ করা হয়েছে। দাপ্তরিক কাযক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মক ও সংশ্লিস্ট সকল। |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, বর্তমান বাজারে চালের দম উদ্ধগতি তাই স্বল্প আয়ের লোকজনের মাঝে টিসিবি/খাদ্য বান্ধব এর চাল পূর্বে নিয়োগকৃত ডিলার এর মাঝে চাল বিতরণ করা জন্য সকলের সহযোগীতা কামনা করছি। খাদ্য বান্ধব ডিলার গণ স্বশরীরে উপস্থিত থাকে ভোক্তদের মাঝে চাল বিতরণ করবেন। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ নিয়ন্ত্রক কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল |
| ১৮ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসের প্রতিনিধি সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর লিস্টিং কার্যক্রমসহ ২য় জোনাল অপারেশন ইতিমধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী নভেম্বর,ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিস ও সংশ্লিস্ট |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত নভেম্বর/২০২৩ ও আগষ্ট/২৪ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদের পুরাতন জামে মসজিদ নিলামের সিদ্ধান্ত গৃহীত হয় সে মোতাবেক নিলাম প্রক্রিয়া কার্যক্রম সম্পন্ন করা হয়, নিলামকৃত অর্থ উপজেলা পুরাতন জামে মসজিদের হিসাব নম্বরের জমার প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিষদের পুরাতন জামে মসজিদ নীতিমালা অনুযায়ী নিলামের প্রক্রিয়া কার্যক্রম সম্পন্ন হয়েছে। নিলামকৃত অর্থ পুরাতন জামে মসজিদের হিসাব নম্বরে জমার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২০ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ক্রয় ৬,৩৮০/-( ছয় হাজার তিনশত আশি) টাকা, ক্যামেরা মেরামত করণ ব্যয় ১২,০০০/-(বার হাজার) টাকা, ইউএনও বাসভবনে গ্লাস/সেলফ ক্রয় বাবদ ব্যয়-১৭,৮০০/-(সতরো হাজার আটশত) টাকা ও মাটি ভরাট করন ব্যয় ১৯,০০০/-(উনিশ হাজার) টাকা। প্রশাসনিক ভবনের নিচ তলায় চিঠি গ্রহণ এর টেবিল মেরামত ব্যয়-২০০০/-(দুই হাজার) টাকা ওয়াশ রুমের সাওয়ার ও লতা পাইপ ক্রয়-৩৫২০/- (তিন হাজার পাঁচশত বিশ) । অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

৩০/০৯/২০২৪
(মৌসুমী হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪-৭৮২ তারিখঃ ৩০/০৯/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

৩০/০৯/২৪
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখঃ ২৯/০৯/২০২৪ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [illegible] | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [illegible] | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | [illegible] | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [illegible] | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [illegible] | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | | | |